

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ০৮-০৫-২০২৩

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০৪-০৫-২০২৩ থেকে ০৭-০৫-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে

**০৪ মে:** উক্ত সময়ের মধ্যে নিম্নলিখিত জায়গার উপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে গিয়েছিল :

স্থান	সময়	দিক	সর্বোচ্চ গতিবেগ(কিমি/ ঘন্টা)	স্থায়িত্ব(মিনিট)
দমদম, উত্তর ২৪ পরগনা	১৪:৩১	পশ্চিম	৪০	০৯ মিনিট

পশ্চিমবঙ্গের অনেক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেন্টিমিটার) :** বর্ধমান, উলুবেড়িয়া, কৃষ্ণনগর, মেদিনীপুর, মোহনপুর: ১ সেমি

**০৫ মে:** উক্ত সময়ের মধ্যে নিম্নলিখিত জায়গার উপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে গিয়েছিল :

স্থান	সময়	দিক	সর্বোচ্চ গতিবেগ(কিমি/ ঘন্টা)	স্থায়িত্ব(মিনিট)
দমদম, উত্তর ২৪ পরগনা	০০:৪০	উত্তর-পশ্চিম	৩৬	০৪ মিনিট
আলিপুর, কলকাতা	০১:০৫	উত্তর	৩৫	০১ মিনিট

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অনেক জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** পুরুলিয়া, কাকদ্বীপ: ২ সেমি; মাথাভাঙ্গা, দার্জিলিং, বাঁকুড়া, বর্ধমান: ১ সেমি

**০৬ মে:** পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর ও জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** নেই

**০৭ মে:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** নেই

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) :** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৪৪ থেকে ৮৯ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ২৬ থেকে ৮৮ শতাংশ।

**সর্বোচ্চ তাপমাত্রা:** উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে ০৭-০৫-২০২৩ তারিখে বাঁকুড়ায় সর্বোচ্চ তাপমাত্রা ৪০.৫ ডিগ্রী সেলসিয়াস ছিল।

## দিনের তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসি. যাস বেশী
	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম
০৪-০৫-২৩	দার্জিলিং, জলপাইগুড়ি কাঁথি	কালিম্পং, কোচবিহার, মালদা, বহরমপুর, আলিপুর, দমদম, দীঘা	বালুরঘাট, কৃষ্ণনগর, মেদিনীপুর	--	--
০৫-০৫-২৩	কালিম্পং, কোচবিহার, আলিপুর, দমদম, কাঁথি	মালদা, বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, মেদিনীপুর, দীঘা	--	দার্জিলিং, জলপাইগুড়ি	--
০৬-০৫-২৩	কালিম্পং, মালদা, বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, আলিপুর, দমদম, কাঁথি	মেদিনীপুর, দীঘা	--	দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার	--
০৭-০৫-২৩	বহরমপুর, মেদিনীপুর, কাঁথি, দীঘা	--	--	দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার, মালদা, বালুরঘাট, কৃষ্ণনগর, আলিপুর, দমদম	--

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

দিন ১ (০৮ মে)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পাও, কোচবিহার, আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। আগামী ৪ দিন, উষ্ণ এবং অস্বস্তিকর আবহাওয়া থাকার ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ৩ দিন, দিনের তাপমাত্রা আরও ২-৩ ডিগ্রী সেলসিয়াস বাড়বে; পরবর্তী ২ দিন, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

### দিন ২ (০৯ মে)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কালিম্পাও জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

### দিন ৩ (১০ মে)-

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

### সতর্কীকরণ:

#### দিন ১ (০৮ মে)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কালিম্পাও জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

#### দিন ২ (০৯ মে)-

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কালিম্পাও জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

২) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম, পূর্ব ও পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, হাওড়া, হুগলী, পশ্চিম মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহের পরিস্থিতি থাকবে।

**দিন ৩ (১০ মে)-**

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সব জেলার কয়েক জায়গায় তাপপ্রবাহের পরিস্থিতি থাকবে।

**পরবর্তী ২ দিনের অনুমান :** সামান্য পরিবর্তন হবে।

সুজাতা সায়

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র , আলিপুর

০৮-০৫-২৩